



এম, ফারহাদ আজিজী

## মা, আমার মা!

মা, আমার মা!  
এই দূরে থাকা সব সামর্থ্য কেড়ে নিলো—  
তুমি জানো তা।

তোমাকে দেখার আশা  
বুকেতে বেঁধেছে বাসা  
চাইলেই সব তো আর পাওয়া যায় না!  
তুমি জানো তা।

অবিরত সময়ের লালা ঝরে পরবাসে  
সেই সাথে দূর্ভাগ্য দেঁতো হাসি সদা হাসে  
সন্ধানী ধনরাজ  
উদাস হয়েছে আজ  
সাত চড়ে করে না সে 'রা'—  
তুমি জানো তা।

পবিত্র ধর্মগ্রন্থ প্রতিদিন আমি পাঠ করি  
যেমন তোমার দেওয়া স্নেহ-ভালবাসা আজও সুরি  
হতাশার সৈকতে বসে আছি একা একা  
বিষাদ-সিন্ধুজলে ডুবিয়ে দু' পা—  
তুমি জানো তা।

এই মাতৃদিবসের শুভক্ষণে শত সালাম  
এই মাতৃদিবসের শুভক্ষণে কোটি প্রণাম  
তোমাকে, তোমাকে এবং তোমাকে—

আমি কিন্তু প্রতিদিন-ই মাতৃদিবস পালন করি  
আমি কিন্তু প্রতিদিন-ই দু'টি চোখ জলে ভরি  
বিষাদ-সিন্ধুজলে ডুবিয়ে দু' পা—  
তুমি জানো তা।  
মা, আমার মা!



সিডনী, ০৮/০৫/২০০৯।

(দারী ভাষায় মূল কবিতা রচনাঃ আফগান কবি এম, ফারহাদ আজিজী;  
বাংলা অনুবাদঃ খন্দকার জাহিদ হাসান।)

আফগান বংশদ্ভূত এম. ফারহাদ আজিজী'র অন্য কবিতাটি পড়তে এখানে [টোকা মারুন](#)